




ঐতিহ্য ও গৌরবের পথচলায়
বিজিবি ২২১ বছর
১৭৯৫-২০১৬




# বর্ডার গার্ড বাংলাদেশ

**'সীমান্তের অতন্দ্র প্রহরী'** ২২১ বছরের ঐতিহ্যবাহী বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি) জাতির গৌরব ও আস্থার প্রতীক। এর রয়েছে সুদীর্ঘ ও সমৃদ্ধ ইতিহাস। মহান মুক্তিযুদ্ধে অবিস্মরণীয় ভূমিকা পালনকারী এ বাহিনী দেশের সীমান্ত রক্ষার পাশাপাশি জাতির যে কোনো প্রয়োজনে যথাযথ দায়িত্ব পালন করে সাফল্যের ধারাবাহিকতা অক্ষুণ্ণ রেখেছে। দেশবাসীর আস্থা ও ভালোবাসায় সিক্ত আত্মপ্রত্যয়ী বিজিবি সদস্যরা দেশমাতৃকার সেবায় সর্বদাই নিবেদিত প্রাণ।



# হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি

জাতির জনক
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান
১৯৭৪ সালে প্রধান অতিথি হিসেবে
পিলখানায় কুচকাওয়াজ পরিদর্শন করেন



## ''সীমান্ত গৌরব''

১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধে আত্মোৎসর্গকারী তদানীন্তন ইপিআর এর বীর শহিদদের স্মৃতির প্রতীক হিসেবে এই স্মৃতিসৌধটি ১৯৭৩ সালের ১৬ ডিসেম্বর প্রথম পিলখানায় স্থাপনের উদ্যোগ গ্রহণ করেন তদানীন্তন বাংলাদেশ রাইফেল্‌স-এর প্রথম মহাপরিচালক **মেজর জেনারেল সি আর দত্ত, বীর উত্তম**। ২০ ডিসেম্বর ২০১০ সালে **'বর্ডার গার্ড বাংলাদেশ'** প্রতিষ্ঠার পর সময়ের বিবর্তনে স্মৃতিসৌধটির সংস্কার অপরিহার্য হয়ে পড়ে। পরবর্তীতে ২০১২ সালের প্রারম্ভে মুক্তিযুদ্ধের স্মৃতিবিজড়িত **স্মৃতিসৌধটির সম্প্রসারণ ও সৌন্দর্যবর্ধন** -এর উদ্যোগ গ্রহণ করেন **বর্ডার গার্ড বাংলাদেশ** -এর **মহাপরিচালক মেজর জেনারেল আনোয়ার হোসেন, বিজিবিএম**, এনডিসি, পিএসসি। সকলের প্রাণবন্ত অংশগ্রহণে ২৬ মার্চ ২০১২ তারিখে **স্মৃতিসৌধটির সংস্কার কাজ সুসম্পন্ন হয়** এবং এটির নামকরণ হয় **''সীমান্ত গৌরব''**। **স্মৃতিসৌধটি বাংলাদেশের স্বাধীনতা** ও সার্বভৌমত্বের জন্য আত্মত্যাগী বীর সীমান্ত প্রহরীদের প্রতি আমাদের হৃদয় নিঃসৃত ভালোবাসা ও শ্রদ্ধায় উদ্ভাসিত।



ঐতিহ্য ও গৌরবের পথচলায়
বিজিবি ২২১ বছর
১৭৯৫–২০১৬

মহাপরিচালক
**বর্ডার গার্ড বাংলাদেশ**
পিলখানা, ঢাকা

বর্ডার গার্ড বাংলাদেশ

# বিজিবি সঙ্গীত

আমরা বর্ডার গার্ড, আমরাই সীমান্ত প্রহরী
সীমান্ত রণে মোরা, শত্রু সনে মোরা
ক্ষিপ্র মনোবলে লড়ি।
**আমরা বর্ডার গার্ড, আমরাই সীমান্ত প্রহরী।**

বাংলার সোনার ছেলে আমরা
যুদ্ধের ইতিহাসে আমরা,
শৃঙ্খলা দক্ষতায় আমরা
সততার উপমায় আমরা,
জননী জন্মভূমি, স্মরণে চরণ চুমি
তোমার জন্য আত্ম মরি।
**আমরা বর্ডার গার্ড, আমরাই সীমান্ত প্রহরী।**

শান্তির পায়রা আমরা
যৌবনে উচ্ছ্বাস আমরা,
স্বর্ণালী স্বপ্নে আমরা
বিষণ্ণমুখে হাসি আমরা,
ষোল কোটি মানুষের, শান্তির ঘুম সদা
নিরাপদ নিশ্চিত করি।
**আমরা বর্ডার গার্ড, আমরাই সীমান্ত প্রহরী।**

সীমান্ত চৌকিতে আমরা
সিংহের মনোবলে আমরা,
অপলক নির্ঘুম আমরা
দুরন্ত দুর্বার আমরা,
মিথ্যে প্রলোভন রুখে দেই আমরা
সততাকে লালন করি।
**আমরা বর্ডার গার্ড, আমরাই সীমান্ত প্রহরী।**

# সম্পাদনা পর্ষদ

প্রধান পৃষ্ঠপোষক

**মেজর জেনারেল আজিজ আহমেদ**

বিজিবিএম, পিবিজিএম, পিএসসি, জি

মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ

পৃষ্ঠপোষক

**ব্রিগেডিয়ার জেনারেল মোঃ হাবিবুল করিম**

বিজিবিএম, বিজিবিএমএস, এনডিসি, পিএসসি

অতিরিক্ত মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ

সম্পাদক

**লে. কর্ণেল মোঃ মোস্তাফিজুর রহমান,** এইসি

অধ্যক্ষ

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ

সম্পাদনা সহযোগী

**শরীফ আহাম্মদ চৌধুরী,** সহ. অধ্যাপক

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ

**দেব দুলাল বসু,** সিনিয়র শিক্ষক

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ

**মো. মোস্তাফিজুর রহমান,** সিনিয়র শিক্ষক

বীরশ্রেষ্ঠ নূর মোহাম্মদ পাবলিক কলেজ

গ্রাফিক্স ডিজাইন

সোহেল রানা মজুমদার


মোঃ মোস্তাফিজুর রহমান (পলাশ)

মুদ্রণে

**রোশনী প্রিন্টিং প্রেস**

২৫৭ তেজগাঁও, ঢাকা, বাংলাদেশ

ফোনঃ ০১৯১৩৩৯৭৩০৬





## জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান

'যতদিন রবে পদ্মা, মেঘনা
গৌরী-যমুনা বহমান
ততদিন রবে কীর্তি তোমার
শেখ মুজিবুর রহমান '


সাতজন বীরশ্রেষ্ঠ
মহিউদ্দীন জাহাঙ্গীর
মতিউর রহমান
মোহাম্মদ রুহুল আমিন
হামিদুর রহমান
মোস্তফা কামাল
নূর মোহাম্মদ শেখ
মুন্সী আব্দুর রউফ